

নম্বর ৪৫.০১.০০০০.০০৪.১৩.০০১.২০.১০০

তারিখ: ২৭ অগ্রহাষণ ১৪২৯

১২ ডিসেম্বর ২০২২

বিজ্ঞপ্তি

বিষয়: ৯ম গ্রেড থেকে ৬ষ্ঠ গ্রেড কর্মকর্তাদের বদলী/পদায়ন আবেদন শুধুমাত্র অনলাইনের মাধ্যমে গ্রহণ করা প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়বস্তুর আলোকে জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য অধিদপ্তরের অন্তর্গত বিভিন্ন প্রতিষ্ঠানে কর্মরত নবম গ্রেড হতে ষষ্ঠ গ্রেড (জুনিয়র কনসালটেন্ট ও সহকারী অধ্যাপক ব্যতিত) পর্যন্ত কর্মকর্তাদের বদলী/পদায়ন আবেদন আগামী ১৬ই ডিসেম্বর'২০২২ হতে শুধুমাত্র অনলাইনের মাধ্যমে গ্রহণ করা হবে।

বিবেচনাযোগ্য অনলাইন আবেদন যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অগ্রায়ন হয়ে স্বাস্থ্য অধিদপ্তরের পরিচালক (প্রশাসন) এর নিকট অনলাইনে অগ্রায়ন করতে হবে।

অনলাইন বদলি/পদায়ন আবেদন - যা জানা জরুরি

- ৯ম গ্রেড থেকে ৬ষ্ঠ গ্রেড (জুনিয়র কনসালটেন্ট ও সহকারী অধ্যাপক ব্যতিত) এর কর্মকর্তা এ প্রক্রিয়ায় অনলাইনে আবেদন করতে পারবেন, যাহা স্বাস্থ্য অধিদপ্তরে নিষ্পত্তি যোগ্য হবে।
- কর্মকর্তাকে তাঁর নিজের HRIS একাউন্ট থেকে অনলাইনে বদলির আবেদন করতে হবে।
- আবেদন করার পূর্বে আবশ্যিকভাবে HRIS প্রোফাইলে সঠিকভাবে সকল তথ্য (কাগজপত্র আপলোড সহ) পদায়িত/ সংযুক্তিতে কর্মরত/ প্রেষণে কর্মরত প্রতিষ্ঠান থেকে হালনাগাদ করতে হবে।
- কর্মকর্তার HRIS প্রোফাইলে তাঁর নিজস্ব স্বাক্ষর, NID আপলোড করা থাকতে হবে।
- ছুটি/ প্রেষণ / লিয়েন এ থাকাকালীন কর্মকর্তা আবেদন করতে পারবেন না। ছুটি/ প্রেষণ/ লিয়েন এর অনুমোদিত মেয়াদ শেষে তিনি অনলাইন আবেদন করতে পারবেন। প্রেষণ শেষে ওএসডি কর্মকর্তার আবেদন পরিচালক (প্রশাসন) -এর নিকট অগ্রায়ন হবে।
- অনলাইনে করা আবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষ / স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক নিষ্পত্তি না হওয়া পর্যন্ত কর্মকর্তা নতুন করে আবেদন করতে পারবেন না।
- আবেদন যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অনলাইনে অগ্রায়ন হবে। [(উদাঃ প্রতিষ্ঠান প্রধান > সিভিল সার্জন(প্রযোজ্য ক্ষেত্রে) > বিভাগীয় পরিচালক (প্রযোজ্য ক্ষেত্রে) > পরিচালক (প্রশাসন)]
- সকল প্রতিষ্ঠান প্রধানগণ নিজ নিজ HRIS একাউন্ট থেকে কর্মকর্তার দাখিলকৃত অনলাইন বদলির আবেদন অগ্রায়ন করতে পারবেন।
- বিভাগীয় পরিচালকগণ বিবেচনাযোগ্য অনলাইন বদলির আবেদন স্বাস্থ্য অধিদপ্তরের পরিচালক (প্রশাসন) এর নিকট অনলাইনে অগ্রায়ন করবেন।
- অনলাইন বদলির আবেদন স্বাস্থ্য অধিদপ্তরে নিষ্পত্তি করা হবে এবং পূর্বের মত HRIS এর মাধ্যমে ডিজিটাল বদলি আদেশ জারি করা হবে।
- এ লক্ষে প্রতিষ্ঠান প্রধান সহ সকল কর্মকর্তাগণকে তাদের নিজ নিজ HRIS একাউন্টে লগইন করতে পারা ও

HRIS প্রোফাইলে সঠিকভাবে তথ্য হালনাগাদ করার জন্য জরুরি ভিত্তিতে নির্দেশ প্রদান করা যাচ্ছে। অন্যথায় পরবর্তীতে অনলাইন আবেদন দাখিল ও অগ্রায়নে অনাকাঙ্ক্ষিত জটিলতায় পরতে হবে।

- স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েব সাইটে অগ্রায়ন কর্তৃপক্ষ ও আবেদনকারীর জন্য পৃথক অনলাইন বদলি আবেদনের ম্যানুয়াল প্রকাশিত থাকবে।

ইহাতে মহাপরিচালক মহোদয়ের সম্মতি রয়েছে।

১২-১২-২০২২

অধ্যাপক ডাঃ মোঃ শামিউল ইসলাম

পরিচালক (প্রশাসন)

ফোন: ০২-৯৮৫৫৯৬৭

ইমেইল: hrm@ld.dghs.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।(দৃষ্টি আকর্ষণ- সচিব মহোদয়ের একান্ত সচিব)
- ২) মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। দৃষ্টি আকর্ষণ- সহকারি পরিচালক(সমন্বয়)
- ৩) অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৪) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৫) পরিচালক, এমআইএস ও লাইন ডাইরেক্টর, এইচআইএস এন্ড ই-হেলথ, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৬) পরিচালক (সকল), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৭) অধ্যক্ষ (সকল) মেডিকেল কলেজ।
- ৮) বিভাগীয় পরিচালক, চট্টগ্রাম/ঢাকা/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল/সিলেট/ময়মনসিংহ
- ৯) পরিচালক (সকল), বিশেষায়িত হাসপাতাল ও ইনস্টিটিউটসমূহ
- ১০) পরিচালক (সকল) মেডিকেল কলেজ হাসপাতাল
- ১১) তত্ত্বাবধায়ক (সকল), জেলা সদর হাসপাতাল/২৫০ শয্যা জেনারেল হাসপাতাল
- ১২) সিভিল সার্জন (সকল), সিভিল সার্জন কার্যালয়
- ১৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর [স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েব সাইটে বিজ্ঞপ্তিটি প্রকাশের অনুরোধ সহ]
- ১৪) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল), উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়